প্রথম আলো

তারিখ ... 24. AUG. 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# আজ থেকে অনলাইনে ভর্তি-প্রক্রিয়া শুরু

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে অনলাইনে ভর্তির আবেদন-প্রক্রিয়া আজ সোমবার থেকে শুরু হচ্ছে। সকাল ১০টায় কেন্দ্রীয় ভর্তি কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এই ভর্তি কার্যক্রম উদ্বোধন করবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।

গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। ১২ আগস্ট সাধারণ ভর্তি কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ১০ সেপ্টেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://www.du.ac.bd/admission.php) ভর্তি পরীক্ষার জন্য আবেদন করা যাবে। এ বছর ব্যাংক সার্ভিস চার্জ ও অনলাইন সার্ভিস ফিসহ ভর্তি পরীক্ষার ফি ৩৫০ টাকা নির্ধারণ করা হয়েছে।

প্রসঙ্গত, ক ইউনিটের ভর্তি পরীক্ষা ৩০ অক্টোবর, খ ইউনিটের ৯ অক্টোবর, গ ইউনিটের ১৬ অক্টোবর, ঘ ইউনিটের ৬ নভেম্বর এবং চ ইউনিটের সাধারণ জ্ঞান অংশ ১০ অক্টোবর ও অঙ্কন অংশ ১৭ অক্টোবর অনুষ্ঠিত হবে।

আবেদনের যোগ্যতা: ক ইউনিটের অধীনে ভর্তিচ্ছুদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় চতুর্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএর যোগফল অন্তত ৮, খ ইউনিটের ৭, গ ইউনিটের ৭ দশমিক ৫ প্রয়োজন। ঘ ইউনিটের পরীক্ষার ক্ষেত্রে মানবিক বিভাগ থেকে ৭, বিজ্ঞান থেকে ৮, ব্যবসায় শিক্ষা থেকে ৭ দশমিক ৫ প্রয়োজন। ঘ ইউনিটে কোনো একটি বিষয়ে বি গ্রেড বা জিপিএ-৩-এর কম থাকলে আবেদন করা যাবে না। চ ইউনিটে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএর যোগফল ৬ দশমিক ৫ এবং কোনো পরীক্ষায় জিপিএ-৩-এর কম পেলে আবেদন করতে পারবে না।